

বাংলাদেশ নেভাল একাডেমিতে ডাইরেস্ট এন্ট্রি অফিসার (ডিইও) ২০১৬/বি ব্যাচের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত

চট্টগ্রামের পতেঙ্গায় বাংলাদেশ নেভাল একাডেমিতে আজ সোমবার (১২-১২-২০১৬) ডাইরেস্ট এন্ট্রি অফিসার (ডিইও) ২০১৬/বি ব্যাচের নবীন কর্মকর্তাদের শীতকালীন কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে। কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম শাহীন ইকবাল, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। এর মধ্য দিয়ে বাংলাদেশ নৌবাহিনীর ২০১৬/বি ব্যাচের ১৫ জন ডাইরেস্ট এন্ট্রি অফিসার স্বল্প মেয়াদী প্রশিক্ষণ শেষে র্যাংক ব্যাজ পরিধান করেন।

ডাইরেস্ট এন্ট্রি অফিসার ২০১৬/বি ব্যাচ হতে ডাইরেস্ট এন্ট্রি অফিসার শেখ সাইদুজ্জামান প্রশিক্ষণে সকল বিষয়ে সর্বোচ্চ মান অর্জনকারী 'শ্রেষ্ঠ চৌকস ডাইরেস্ট এন্ট্রি অফিসার' হিসেবে 'বীর শ্রেষ্ঠ রুহুল আমিন স্বর্ণপদক' প্রাপ্ত হন।



বাংলাদেশ নেভাল একাডেমিতে আজ সোমবার (১২-১২-২০১৬) ডাইরেস্ট এন্ট্রি অফিসার ২০১৬/বি ব্যাচ হতে ডাইরেস্ট এন্ট্রি অফিসার শেখ সাইদুজ্জামান প্রশিক্ষণে সকল বিষয়ে সর্বোচ্চ মান অর্জনকারী 'শ্রেষ্ঠ চৌকস ডাইরেস্ট এন্ট্রি অফিসার' হিসেবে 'বীর শ্রেষ্ঠ রুহুল আমিন স্বর্ণপদক' প্রাপ্ত হন। ছবিঃ আইএসপিআর।



বাংলাদেশ নেভাল একাডেমিতে আজ সোমবার (১২-১২-২০১৬) ডাইরেক্ট এন্ট্রি অফিসার (ডিইও) ২০১৬/বি ব্যাচের নবীন কর্মকর্তাদের শীতকালীন কুচকাওয়াজ অনুষ্ঠানে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম শাহীন ইকবাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। ছবি : আইএসপিআর।

কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে কমিশনপ্রাপ্ত নবীন কর্মকর্তাদের উদ্দেশ্যে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল তাঁর ভাষণে তরণ প্রজন্মের কর্মকর্তাদের দেশ রক্ষার মহান কর্তব্যে আত্মনিয়োগ করে দেশ সেবার কাজে এগিয়ে আসার আহবান জানান। নৌবাহিনীর প্রশিক্ষণ কার্যক্রমের মানোন্নয়নের কথা উল্লেখ করে তিনি বলেন, ইতিমধ্যে নবীন কর্মকর্তাদের প্রশিক্ষণের সময়কাল তিন বছরে উন্নত করা সহ বিএসসি অনার্স এবং বিবিএ ডিগ্রি প্রদানের বিষয়টি কার্যকর করা হয়েছে। এছাড়াও তিনি নবীন কর্মকর্তাদের সশস্ত্র বাহিনীর একজন সদস্য হিসেবে শৃঙ্খলাবোধকে জীবনের সর্বোচ্চ পর্যায়ে স্থান দিয়ে বুদ্ধিমত্তা, জ্ঞান, প্রতিভা ও চৌকস নেতৃত্বের মাধ্যমে বিশাল জলসীমায় সার্বভৌমত্ব অক্ষুন্ন রাখার নির্দেশনা প্রদান করেন।

ডিইও ২০১৬/বি ব্যাচের কুচকাওয়াজে চট্টগ্রাম নৌ অঞ্চলের ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তা, শিক্ষা সমাপনী ব্যাচের ডাইরেক্ট এন্ট্রি অফিসার ও মিডশীপম্যানদের অভিভাবকবৃন্দ উপস্থিত থেকে মনোজ্ঞ এ কুচকাওয়াজ উপভোগ করেন।